57

আজকের কাগজ

তারিখ ... 30 MAR 1995 ...
পৃষ্ঠা ৮ কলাম ৫

## যশোর শিক্ষাবোর্ড কেলেঙ্কারি

# ভুয়া রেজিস্ট্রেশন বিষয়ে বৈঠকে কোনো সিদ্ধান্ত হয়নি

**যশোর ব্যুরো থেকে মতিনুজ্জামান মিটু** : ছাত্র-শিক্ষকদের বিক্ষোভের মুখে গতকাল বুধবার যশোর শিক্ষা বোর্ডের সর্বোচ্চ কমিটির বৈঠক কোনো সিদ্ধান্ত গ্রহণ ছাড়াই শেষ হয়েছে। যারা এবার ভুয়া নিবন্ধন নম্বর নিয়ে এসএসসি পরীক্ষার ফরম পূরণ করেছে এবং বেআইনীভাবে যে সব স্কুলকে অনুমোদন দেয়া হয়েছিলো সে সম্পর্কে সিদ্ধান্ত নেয়ার জন্যেই ঐ বৈঠক অনুষ্ঠিত হয়। কিন্তু ছাত্র-শিক্ষক, প্রভাবশালী মহল ও ইউনিয়ন নেতাদের চাপে বোর্ড কমিটি এ ব্যাপারে কোনো সিদ্ধান্ত নিতে পারেনি। তবে এসব ঘটনার সঙ্গে যারা জড়িত তাদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্যে প্রফেসর নজরুল ইসলামকে প্রধান করে ৩ সদস্যবিশিষ্ট একটি উচ্চক্ষমতাসম্পন্ন তদন্ত কমিটি করা হয়েছে বলে সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে। এ পর্যন্ত প্রায় ১০ হাজার ভুয়া রেজিস্ট্রেশনের ঘটনা ধরা পড়েছে। কিন্তু শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশ ছাড়া বোর্ড কমিটি এদের বিরুদ্ধে কোনো ব্যবস্থা নিতে পারছে না। বিষয়টি এখনো ঝুলিয়ে রাখার ফলে সংশ্লিষ্ট ১৬ (ষোল)টি জেলার স্কুল শিক্ষক ও পরীক্ষার্থীদের মধ্যে উদ্বেগ ও উৎকণ্ঠা বেড়েছে। গতকাল তারা ভুয়া রেজিস্ট্রেশন বহালের দাবিতে যশোর শিক্ষা বোর্ডের সামনে বিক্ষোভ প্রদর্শনসহ চেয়ারম্যানসহ কোনো কোনো কর্মকর্তার সঙ্গে দেন-দরবারে মিলিত হন। রাতে যশোর মুসলিম একাডেমি স্কুলে এক সমাবেশে মিলিত হয়ে শিক্ষকরা ভুয়া রেজিস্ট্রেশন বহালের লক্ষ্যে একটি একশন কমিটি গঠন করেছে।